অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/13/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক স্টেটে স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 36 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

স্টেটের তহবিল মনরো, স্টুবেন, ইরি, জেফার্সন, এবং কিংস কাউন্টিতে 249 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরি করবে

প্রকল্পে রয়েছে পূর্বে গৃহহীন থাকা ভেটেরান, ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হওয়া তরুণ, এবং মারাত্মক মানসিক ব্যাধি এবং/অথবা মাদক ব্যবহার ব্যাধিসহ মানুষ ও তাদের পরিবারকে সহায়তা করার জন্য অনসাইট সমর্থক সেবাসহ আবাসনের জন্য তহবিল

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটজুড়ে পাঁচটি প্রকল্পের জন্য 36 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে যা মনরো, স্টুবেন, ইরি, জেফার্সন, এবং কিংস কাউন্টিতে গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তি ও পরিবারের জন্য 249 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরি করবে।

"ব্রুকলিন থেকে ওয়াটারটাউন পর্যন্ত, নিউ ইয়র্কজুড়ে এইসব বৈচিত্র্যময় প্রকল্প এমন আবাসনে বিনিয়োগের ব্যাপারে আমাদের প্রতিশ্রুতি প্রদর্শন করে যা আমাদের সম্প্রদায়সমূহকে বলীয়ান করবে এবং আমাদের স্টেটের প্রত্যেক অঞ্চলকে বসবাসের জন্য আরো নিরাপদ, স্বাস্থ্যকর, এবং সাশ্রয়ী স্থানে পরিণত করবে," **গভর্নর হোকল বলেন।** "এইসব প্রকল্পের মাধ্যমে তৈরি সমর্থক আবাসন পূর্বে গৃহহীন থাকা নিউ ইয়র্কবাসীকে নিরাপদ, স্থিতিশীল বাসা এবং সেবা প্রদান করবে যা নিজেদের সম্প্রদায়ে সমৃদ্ধি করার জন্য তাদের প্রয়োজন।"

অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program, HHAP) একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে প্রদত্ত অনুদানসমূহ হলো গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ যা পুরো নিউ ইয়র্ক স্টেটে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করতে সাহায্য করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000টি বাসা থাকবে। তহবিলপ্রাপ্ত পাঁচটি প্রকল্প এমন ব্যক্তি ও পরিবারের জন্য অনসাইট সমর্থন সেবাসহ আবাসন প্রদান করবে যারা গৃহহীনতার সম্মুখীন হয়েছে, যেমন, ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হয়ে উঠা তরুণ, এবং মারাত্মক মানসিক ব্যাধি এবং/অথবা মাদক ব্যবহার ব্যাধিসহ মানুষ।

সাম্প্রতিক এই অর্থের পর এই তহবিলের চক্রে HHAP 133.8 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছে। এর মধ্যে রয়েছে অর্থবছর 2025 এর বাজেটে প্রদত্ত পুরো 128 মিলিয়ন মার্কিন ডলার তহবিল, এবং একই সাথে রয়েছে পূর্বের বছরগুলিতে প্রদত্ত ব্যয় হয়নি এমন অতিরিক্ত 5.8 মিলিয়ন মার্কিন ডলার তহবিল। যেসব প্রকল্পে তহবিল বরাদ্দ করা হয়েছে তার মধ্যে রয়েছে:

- **পাথস্টোন হাউজিং অ্যাকশন কর্পোরেশন (PathStone Housing Action Corporation) (মনরো)** - 55 বছরের বেশি বয়সী, পূর্বে গৃহহীন থাকা ব্যক্তিদের জন্য পেরিন্টন টাউনে 38 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 750,000 মার্কিন ডলার। বৃহত্তর একটি প্রকল্পের অংশ, মিডভেল কমনসে (Midvale Commons) একটি দুইতলা সম্পূর্ণ বৈদ্যুতিক ভবন (প্যাসিভ হাউজ এবং নেট জিরো সৌর প্রত্যয়িত) নির্মাণ করা হবে যেখানে এলিভেটর, কমিউনিটি স্পেস, লন্ড্রি, সমর্থক সেবার অফিস, এটি ফিটনেস কেন্দ্র এবং আউটডোর স্পেস থাকবে। ইতিমধ্যে নির্মাণকাজ শুরু হওয়া জীবাশ্ম জ্বালানীমুক্ত প্রকল্পে রয়েছে বায়ু উৎসের হিট পাম্প, শক্তি পুনরুদ্ধার ভেন্টিলেটর, হিট পাম্প ড্রায়ার, এবং অনসাইট বৈদ্যুতিক যান (Electric Vehichle, EV) চার্জিংয়ের স্টেশন। সমর্থক সেবা প্রদান করবে রচেস্টার রিজিয়নাল হেলথ (Rochester Regional Health)।

- **প্রভিডেন্স হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন (Providence Housing Development Corporation) (স্টুবেন)** - গৃহহীনতায় ভুগতে থাকা মারাত্মক মানসিক ব্যাধি বা মাদক ব্যবহার ব্যাধিসম্পন্ন ব্যক্তিদের জন্য বাথে আট ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 1.9 মিলিয়ন মার্কিন ডলার। বৃহত্তর একটি প্রকল্পের অংশ, দ্য ডানা লায়ন অ্যাপার্টমেন্টসে (Dana Lyon Apartments) প্রাক্তন ডানা লায়ন এলিমেন্টারি স্কুল ভবনের সংরক্ষণ এবং অভিযোজিত পুনর্ব্যবহার করা হবে। এখানে অনসাইট লন্ড্রির ব্যবস্থা, সেবা অফিসের স্থান, একটি ব্যবস্থাপনা অফিস, ব্যায়ামের ঘর, কমিউনিটি কক্ষ, খেলার মাঠ এবং আউটডোরের সবুজ স্থান রয়েছে। এছাড়াও এখানে বাণিজ্যিক স্থান থাকবে যা একটি কমিউনিটির শিল্প কেন্দ্রের পরিচালনার জন্য লীজ দেওয়া হবে। লিঙ্কেজ চুক্তির মাধ্যমে অন্যান্য সম্প্রদায়ের সংগঠনের মাধ্যমে অনসাইটে সমর্থক সেবা প্রদান করবে ক্যাথোলিক চ্যারিটিজ স্টুবেন/লিভিংস্টোন (Catholic Charities Steuben/Livingston)।

- **এপিস্কোপাল কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, ইনকর্পোরেটেড (Episcopal Community Housing Development Organization, Inc.) (ইরি) -** গৃহহীনতায় ভুগতে থাকা 55 বছরের বেশি বয়সী সিঙ্গেল ব্যক্তিদের জন্য অ্যাঙ্গোলা ভিলেজে 16 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরি করার জন্য 3.8 মিলিয়ন মার্কিন ডলার। একটি বৃহত্তর প্রকল্পের অংশ, সাইট পলস অ্যাপার্টমেন্ট II (St. Paul's Apartments II) অনসাইট সুযোগসুবিধাসহ একটি নতুন তিনতলা ভবন নির্মাণের প্রস্তাব

প্রদান করে, যেখানে লন্ড্রির ব্যবস্থা, সম্পত্তি ও কেস ব্যবস্থাপনার প্রদানকারীদের জন্য অফিস স্পেস, পর্যাপ্ত সবুজ স্থান, এবং দুইটি বৈদ্যুতিক যানবাহন চার্জিংয়ের স্টেশনসহ 52 স্থানের একটি পার্কিং লট থাকবে। সমর্থক সেবা প্রদান করবে পিপল, ইনকর্পোরেটেড।

- **ডেপল প্রোপার্টিজ, ইনকর্পোরেটেড (DePaul Properties, Inc.) এবং ডেপল কমিউনিটি সার্ভিসেস, ইনকর্পোরেটেড (DePaul Community Services, Inc.) (জেফার্সন) -** গৃহহীনতায় ভুগতে থাকা মারাত্মক মানসিক ব্যাধিসহ ব্যক্তি, ভেটেরান, এবং 55 বছর ও তার বেশি বয়সী ব্যক্তির জন্য ওয়াটারটাউনে 70 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 14.5 মিলিয়ন মার্কিন ডলার। পাইন ক্যাম্প অ্যাপার্টমেন্টস (Pine Camp Apartments) হলো একটি বৃহত্তর প্রকল্পের অংশ যার উদ্দেশ্য হলো একটি চারতলা ভবন নির্মাণ যেখানে লন্ড্রির ব্যবস্থা, একটি কমিউনিটি কক্ষ, এবং বাহ্যিক কেন্দ্রীয় উঠান থাকবে। সমর্থক সেবা প্রদান করবে ডেপল কমিউনিটি সার্ভিসেস, এবং ঈগল স্টার হাউজিং, ইনকর্পোরেটেড (Eagle Star Housing, Inc.)।

- **ব্রেকিং গ্রাউন্ড II হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন (Breaking Ground II Housing Development Corporation) (কিংস)** - দীর্ঘদিন ধরে গৃহহীন থাকা ব্যক্তি, এবং একই সাথে ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হয়ে উঠা তরুণ এবং পূর্বে গৃহহীন থাকা ব্যক্তি ও পরিবার যাদের গৃহস্থালির প্রধান ব্যক্তির একটি মারাত্মক মানসিক ব্যাধি রয়েছে তাদের জন্য ব্রুকলিনে 117 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার। এটি একটি বৃহত্তর প্রকল্পের অংশ যা কিংসবরো সাইকিয়াট্রিক সেন্টারের ক্যাম্পাসে (Kingsboro Psychiatric Center) দুইটি ভবনের নতুন নির্মাণের প্রস্তাব প্রদান করে। ভাইটাল ব্রুকলিন উদ্যোগের (Vital Brooklyn Initiative) অংশ হিসেবে এই প্রকল্পটি নির্মাণ করা হচ্ছে এবং এটি তিনটি পর্যায়ে নির্মাণ করা হবে এবং প্রথম পর্যায়ে এই দুইটি ভবন নির্মিত হবে। তিনটি পর্যায়ের সবগুলির কাজ শেষ হয়ে গেলে মোট প্রকল্পটি 1,000 ইউনিটের বেশি আবাসন প্রদান করবে। সমর্থক সেবা প্রদান করবে ব্রেকিং গ্রাউন্ড।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের কমিশনার বারবারা সি গুইন বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটে এইসব প্রকল্পে গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির বিনিয়োগ অতি প্রয়োজনীয় স্থিতিশীল, সাশ্রয়ী আবাসন প্রদান করবে যেখানে গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের জন্য অত্যাবশ্যকীয় সমর্থক সেবা পাওয়ার সুযোগ সহজ হবে, যার মধ্যে থাকবে গৃহহীন ভেটেরান, ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হয়ে উঠা তরুণ এবং মারাত্মক মানসিক ব্যাধি বা মাদক ব্যবহার ব্যাধি নিয়ে বাস করা ব্যক্তি। পুরো নিউ ইয়র্ক স্টেটে সমর্থক আবাসন বিকল্প সম্প্রসারণ করার ব্যাপারে গভর্নর হোকলের অবিচল প্রতিশ্রুতি দুর্বল নিউ ইয়র্কবাসীকে এমন

স্থিতিশীলতা ও সরঞ্জাম প্রদান করছে যা নিজেদের সম্প্রদায়ে সফলভাবে বাস করার জন্য তাদের প্রয়োজন।"

নিউ ইয়র্ক স্টেটের হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে নিউ ইয়র্ক সমর্থক আবাসনকে অগ্রাধিকার প্রদান করছে। 36 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগটি প্রায় 250টি গৃহস্থালিকে সাশ্রয়ী, নিরাপদ এবং আধুনিক বাসা প্রদান করবে যেখানে তাদের প্রয়োজনীয় সমর্থক সেবা থাকবে। এইসব অর্থ পাওয়া আমাদের ডেভেলপমেন্ট অংশীদারদের আমরা অভিনন্দন জানাচ্ছি, এবং অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসে আমাদের অংশীদারদের সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ।"

মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health, OMH) কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন, "সমর্থক আবাসন মানসিকভাবে অসুস্থ নিউ ইয়র্কবাসীকে নিজেদের সম্প্রদায়ে সমৃদ্ধি করতে দেয়। গৃহহীন আবাসন এবং সহায়তা কর্মসূচির দ্বারা সমর্থিত এই প্রকল্পসমূহ অতি প্রয়োজনীয় এমন সমর্থক আবাসন তৈরি করবে যা ব্যক্তিদের তাদের পছন্দের সম্প্রদায়ে স্বাধীনভাবে বসবাস করতে দেয়। আমাদের পুরো স্টেটের সম্প্রদায়সমূহে সমর্থক আবাসনের বিকল্প সম্প্রসারিত করতে গভর্নর হোকলের মনোযোগ নিউ ইয়র্কবাসীদের জীবন বদলে দেওয়া এবং উন্নত করা অব্যাহত রেখেছে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "আবাসনের ঘাটতি একজন ব্যক্তির সার্বিক স্বাস্থ্য ও সুস্থতাকে প্রভাবিত করতে পারে এবং এছাড়াও এটি স্বাস্থ্যের একটি অতি গুরুত্বপূর্ণ সামাজিক নির্ণায়ক, যা এই বিভাগের জন্য একটি অগ্রাধিকার। জনস্বাস্থ্যের প্রতিটি দিককে সুরক্ষিত রাখার জন্য আমাদের চলমান এবং সার্বিক কাজের উপর এবং দুর্বল ব্যক্তি ও পরিবারের কাছে যাতে নিরাপদ, স্থিতিশীল, এবং সমর্থক আবাসন পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে এই ধরনের প্রকল্পে গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্ব ও বিনিয়োগের উপর এই প্রকল্পটি আলোকপাত করে।"

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম হ্যারিস বলেন, "গভর্নর হোকল এমন পর্যাপ্ত সাশ্রয়ী ও সমর্থক আবাসন প্রদান করার ব্যাপারে তার অপরিহার্য প্রতিশ্রুতি স্পষ্ট করে দিয়েছেন যেগুলি শুধু যাদের প্রয়োজন তাদের নাগালের মধ্যে থাকবে না বরং এছাড়াও সর্বশেষ শক্তি দক্ষ এবং টেকসই বৈশিষ্ট্য দ্বারা সজ্জিত থাকবে। সবুজ ভবন অনুশীলন এবং নবায়নযোগ্য শক্তিকে অগ্রাধিকার প্রদান করে এমন প্রকল্পে বিনিয়োগ করার মাধ্যমে NYSERDA স্বাস্থ্যকর এবং আরামদায়ক বসবাসের বিকল্প তৈরি করতে সাহায্য করছে যা বাসিন্দা ও পরিবেশ উভয়ের জন্য লাভজনক হবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "ডানা লায়ন অ্যাপার্টমেন্টস প্রকল্প আরেকবার প্রমাণ করেছে যে নিজেদের সম্প্রদায়ে সত্যিকারের পার্থক্য তৈরি করতে মিউনিসিপ্যালিটিগুলির প্রয়োজনীয় সমর্থন রিস্টোর নিউ ইয়র্ক তাদের প্রদান করছে। প্রকল্পটি

বাথ টাউনের পুনর্জীবনকে আরো অগ্রসর করতে এবং নতুন অর্থনৈতিক সুযোগ তৈরি করতে সাহায্য করবে।"

পাথস্টোনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালেক্স ক্যাস্ট্রো বলেন, "মিডভেল কমনস ডেভেলপমেন্টে OTDA এর 750,000 মার্কিন ডলারের বিনিয়োগের জন্য পাথস্টোন কৃতজ্ঞ। তহবিলটি সম্প্রদায়ের গৃহহীন এবং ঝুঁকিগ্রস্ত দুর্বল বয়স্ক ব্যক্তিদের জন্য আবাসনের ব্যবস্থা করবে এবং তাদের মর্যাদা ও সমর্থক সেবাসহ এক স্থানে শেষ বয়স কাটাতে ডিবে। মিডভেল কমনস হলো পাথস্টোনের সবথেকে নতুন সম্প্রদায় এবং এটি পেরিন্টন টাউনে বয়স্কদের জন্য 76টি নতুন নির্মাণ ইউনিট তৈরি করবে। এছাড়াও এটি পাথস্টোনের প্রথম প্যাসিভ হাউজ, নেট জিরো, এবং কার্বন নিরপেক্ষ ডেভেলপমেন্ট হবে এবং অনসাইটের সৌর অ্যারে থেকে ব্যবহার হওয়া সকল শক্তি আসবে।"

প্রভিডেন্স হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশনের নির্বাহী পরিচালক মার্ক এম গ্রিজবার্গার বলেন, "ডানা লায়ন অ্যাপার্টমেন্টস ডেভেলপমেন্ট প্রকল্পে সমর্থক আবাসন প্রদান করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব করতে পেরে প্রভিডেন্স হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন আনন্দিত, প্রকল্পটি ঐতিহাসিক লিবার্টি স্ট্রিটে একটি দীর্ঘদিন খালি পড়ে থাকা প্রাক্তন স্কুলের পুনর্বাসন ও সংরক্ষণ করবে। প্রদত্ত এই তহবিল এমন নিরাপদ, পরিচ্ছন্ন আবাসন প্রদানে সাহায্য করবে যা গণপরিবহন, বহু দোকান, রেস্টুরেন্ট, এবং সুন্দর বাথ গ্রামের ব্যক্তিগত সেবাসমূহের নিকটবর্তী হবে।"

এপিস্কোপাল চার্চ হোম এবং অ্যাফিলিয়েটসের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা রব বলেন, "দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ বাসার উপলভ্যতা নিউ ইয়র্কের একটি প্রকট সমস্যা। সেইন্ট পল অ্যাপার্টমেন্টস ডেভেলপমেন্টে আমাদের সম্প্রসারণটি দুর্বল এবং আবাসনের ক্ষেত্রে অস্থিতিশীল স্থানীয় বয়স্কদের জন্য 16টি নিবেদিত অ্যাপার্টমেন্ট প্রদান করার মাধ্যমে এই পরিস্থিতির সমাধান করতে সাহায্য করবে। গৃহহীন আবাসন এবং সহায়তা কর্মসূচির প্রদত্ত এই তহবিল ছাড়া আমাদের মিশনের এই মুখ্য অংশকে পূরণ করার প্রয়াস কোনোমতেই সম্ভব হতো না।"

ডেপল প্রোপার্টিজ, ইনকর্পোরেটেডের প্রেসিডেন্ট মার্ক ফুলার বলেন, "ওয়াটারটাউন সিটির পাইন ক্যাম্প অ্যাপার্টমেন্টসের নির্মাণ নিশ্চিত করার জন্য গভর্নর হোকল, অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি, এবং আমাদের অন্যান্য সম্প্রদায়ের অংশীদার ও তহবিলদাতাদের সমর্থন অবিচ্ছেদ্য অংশ। জেফার্সন কাউন্টি দুর্বল জনগোষ্ঠীকে উত্থিত করা, মর্যাদা ও সমর্থন নিয়ে বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় আবাসন স্থিতিশীলতা ব্যক্তিদের প্রদান করার সুযোগটির জন্য ডেপল উন্মুখ।"

ব্রেকিং গ্রাউন্ডের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ব্রেন্ডা রোজেন বলেন, "সমর্থক আবাসনে বিনিয়োগ করতে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য, এবং কিংসবরো ভাইটাল ব্রুকলিন প্রকল্পের প্রথম পর্যায়ের জন্য এইসব অত্যাবশ্যকীয় অর্থ প্রদান করার জন্য গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির প্রতি আমরা অতি কৃতজ্ঞ। তহবিলপ্রাপ্ত 117 ইউনিট দুইটি আবাসিক ভবনে দুর্বল তরুণ, বয়স্ক, ব্যক্তি ও পরিবারকে সেবাদান করবে, প্রত্যেক গৃহস্থালিকে এমন আবাসনে তাদের জীবন পুনর্গঠন করতে দিবে যেখানে সমৃদ্ধির জন্য তাদের প্রয়োজনীয়

সমর্থন থাকবে। ডগলাস্টন ডেভেলপমেন্ট, জোবে ডেভেলপমেন্ট, অ্যালমাট ডেভেলপমেন্ট, এবং ব্রুকলিন কমিউনিটি সার্ভিসেসের আমাদের অংশীদারদের সাথে নিয়ে সেন্ট্রাল ব্রুকলিনে এই রূপান্তরমূলক প্রকল্পটি নিয়ে আসার জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার ব্যাপারে আমরা আনন্দিত।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন